গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

**"ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ"**

উপজেলা আইসিটি কমিটির মে ২০২২ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | বিপিন চন্দ্র বিশ্বাস<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৩ মে, ২০২২ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২:৩০ ঘটিকা |
| স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ, গৌরনদী, বরিশাল |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |


সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে সৃষ্ট দুর্যোগকালীন সময়ে সরকার কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি ও শর্তাবলি মেনে দাপ্তরিক কাজ গতিশীল রাখার বিষয়ে সকলকে অনুরোধ করেন। সদস্য সচিব, সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য:**<br>ক) সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, গৌরনদী উপজেলা ওয়েবসাইটসহ কয়েকটি দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ থাকলেও এ উপজেলার বেশিরভাগ দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নেই। বর্তমানে সিস্টেম থেকে দপ্তর ভিত্তিক রিপোর্ট দেখা যাচ্ছে না। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল দপ্তরের নিজ নিজ ওয়েবসাইট বাংলা এবং ইংরেজি উভয় ভাষায় তথ্য হালনাগাদের গুরুত্বারোপ করেন।<br>খ) উপজেলা পোর্টালের পাশাপাশি ইউনিয়ন ওয়েবসাইটগুলো নিয়মিত হালনাগাদের বিষয়ে আলোচনা হয়। | ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অত্র উপজেলার সকল দপ্তর (উপজেলা ও ইউনিয়ন পর্যায়) নিজ নিজ ওয়েবসাইট বাংলা এবং ইংরেজি উভয় ভাষায় নিয়মিত তথ্য হালনাগাদ করবেন।<br>খ) ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ক কারিগরি সহায়তার জন্য **জনাব মোঃ শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, গৌরনদী, বরিশাল** এর নিকট হতে প্রয়োজনীয় তথ্য ও সহযোগিতা গ্রহণ করা যাবে। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, উপজেলার সকল দপ্তর প্রধান ও সকল ইউপি চেয়ারম্যান, গৌরনদী, বরিশাল |
| ২.২ | **করোনা টিকার জন্য অনলাইন নিবন্ধন:**<br>ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা ডিজিটাল সেন্টার এর মাধ্যমে ১২ এবং তদূর্ধ্ব জনসাধারণের অনলাইন নিবন্ধন করার জন্য আলোচনা হয়। | ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা ডিজিটাল সেন্টার এর মাধ্যমে ১২ এবং তদূর্ধ্ব জনসাধারণের সুরক্ষা (surokkha.gov.bd) ওয়েবসাইটে অনলাইন নিবন্ধন করার জন্য উদ্যোক্তাদের নির্দেশনা প্রদান করা হয়। | সহকারী প্রোগ্রামার, ইউডিসি উদ্যোক্তা (সকল) গৌরনদী, বরিশাল |
| ২.৩ | **উপাজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠান:**<br>উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। | কমিটির সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব রক্ষণাবেক্ষণ/ পরিদর্শন:**<br>সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে,<br>ক) অত্র উপজেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ছয়টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। এছাড়াও, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর মাধ্যমে সাতটি এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে বেশ কিছু কম্পিউটার ল্যাব এ উপজেলায় স্থাপন করা হয়।<br>খ) শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ সকল কম্পিউটার ল্যাব সঠিকভাবে রক্ষণাবেক্ষণ প্রয়োজন।<br>গ) এছাড়াও, আইসিটি অধিদপ্তরের শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্প হতে এ উপজেলায় ০৮ টি শিক্ষা প্রতিষ্ঠানকে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়েছে। প্রকল্প দপ্তরের নির্দেশনা অনুযায়ী ল্যাব কক্ষ রেনোভেশন এবং ইন্টেরিয়র ডিজাইনের কাজ শেষ হয়েছে এবং ভেন্ডর প্রতিষ্ঠানসমূহ থেকে ফার্নিচার, ল্যাপটপসহ অন্যান্য যন্ত্রপাতি সরবরাহ করা হচ্ছে। | ১। শেখ রাসেল ডিজিটাল/ক্লাসরুম সহ সকল কম্পিউটার ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষণের বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরসণ করার জন্য অনুরোধ করা হলো।<br>২। সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারসহ আইসিটি কমিটির সকল সদস্য শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করবেন।<br>৩। চূড়ান্ত নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের প্রতিষ্ঠান প্রধানদগণকে ভেন্ডর প্রতিষ্ঠানসমূহ থেকে সরবরাহকৃত মালামাল সঠিকভাবে বুঝে রাখার নির্দেশনা প্রদান করা হয়। | সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরনদী, বরিশাল |
| ২.৫ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত:**<br>সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত তথ্য mmcm.gov.bd-তে আপলোডের বিষয়ে আলোচনা হয়। | মনিটরিং সিস্টেমে নিয়মিত তথ্য আপলোডের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ২.৬ | **ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য:**<br>ক) প্রত্যেক ইউডিসি থেকে আয় ও সেবার তথ্য একসেবায় নিয়মিত প্রদান করা প্রয়োজন। সকল ইউডিসি উদ্যোক্তা একসেবায় (uddokta.eksheba.gov.bd) নিয়মিত আয় ও সেবার তথ্য প্রদান না করার কারণে সম্পূর্ণ তথ্য পাওয়া যাচ্ছে না।<br><br>খ) সকল ইউডিসি থেকে পল্লী বিদ্যুতের বিল গ্রহণসহ মোবাইল ব্যাংকিং এবং বিভিন্ন রকম অনলাইন সেবা যুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) করোনা মহামারীর জন্য ইউডিসি'র আয় ও সেবা প্রদান অনেক কমে এসেছে। সেবার মান ও ইউডিসি আয় বৃদ্ধির জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং একসেবায় (uddokta.eksheba.gov.bd) নিয়মিত আয় ও সেবার তথ্য প্রদানের অনুরোধ করা হয়।<br>খ) উপজেলার সকল ইউডিসি উদ্যোক্তাকে একসেবা (uddokta.eksheba.gov.bd) তে নিয়মিত আয় ও সেবার তথ্য প্রদান করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ ও উদ্যোক্তাগণ। সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ২.৭ | **ই-নথি/ডি-নথি সংক্রান্ত:**<br>১। সরকারের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কাজে দ্রুত গতি, স্বচ্ছতা, জবাবদিহিতা আনায়নের লক্ষে ই-নথি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অত্র উপজেলায় ২০১৯-২০২০ অর্থ বছরে ২০ জন, ২০২০-২০২১ অর্থ বছরে দুই ব্যাচে ৫৫ জন সকারি কর্মকর্তা/কর্মচারীকে ই-নথি/ডি-নথি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | করোনাকালীন সময়ে অফিস কার্যক্রম স্বাভাবিক রাখতে ই-নথির ব্যবহার খুবই সহায়ক। প্রশিক্ষণপ্রাপ্ত সকল দপ্তরকে সরকারের নির্দেশনা মোতাবেক ই-নথির ব্যবহার করতে হবে। কারিগরি সহায়তার জন্য **জনাব মোঃ শরিফুল ইসলাম**, সহকারী প্রোগ্রামার এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও<br>সহকারী প্রোগ্রামার |
| ২.৮ | **অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত:**<br>অত্র উপজেলায় অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন শতভাগ করতে গৌরনদী পৌরসভার সম্মানিত মেয়র, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবদের জোড়ালো ভূমিকা প্রয়োজন বলে সভায় আলোচনা হয়। | অনলাইন জন্ম তথ্য সংশোধন এবং অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন শতভাগ করতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়। | সম্মানিত মেয়র, গৌরনদী পৌরসভা, সকল চেয়ারম্যান ও সচিব ইউনিয়ন পরিষদ, গৌরনদী। |

| | | | |
|---|---|---|---|
| ২.৯ | **জনসেবায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার:** সোশ্যাল মিডিয়া ব্যবহারের ক্ষেত্রে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের সরকারি নির্দেশনা অনুসরণের বিষয়ে আলোচনা হয়। | সোশ্যাল মিডিয়া ব্যবহারের ক্ষেত্রে অত্র উপজেলার সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ (পরিমার্জিত সংস্করণ)’ অনুসরণ করতে অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধান, গৌরনদী উপজেলা |

৩। অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



বিপিন চন্দ্র বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.০৬৩২.০০০.০৬.০০১.২০.৪৫

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৯
২৩ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, ১১৯ বরিশাল-১, ১১৯ বরিশাল-১
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
৪) জেলা প্রশাসক, বরিশাল
৫) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল
৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
৮) উপজেলা.................................কর্মকর্তা, গৌরনদী, বরিশাল
৯) চেয়ারম্যান, ..................................ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল
১০) অফিস কপি



মোঃ শরিফুল ইসলাম
সহকারী প্রোগ্রামার